

া সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৯১৯ ৩৬/ কুরবানী (کتاب الأضاحی) পরিচ্ছেদঃ ১. কুরবানীর নির্ধারিত সময়

باب وَقْتِهَا

আরবী

বাংলা

৪৯১৯। ইয়াহইয়া ইবনু আইয়ুব, আমর আন নাকিদ ও যুহায়র ইবনু হারব (রহঃ) ... আনাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কুরবানীর দিন বললেনঃ যে ব্যক্তি সালাতের পূর্বে কুরবানী করেছে, সে যেন পুনরায় কুরবানী করে। এক ব্যক্তি দাঁড়িয়ে বললো, ইয়া রাসুলাল্লাহ! আজকের দিনে তো গোশতের প্রতি চাহিদার দিন। এ সময় সে তার প্রতিবেশীদের অভাবের কথাও উল্লেখ করে। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যেন তার কথাকে সত্য মনে করলেন। সে আরো বললো, আমার নিকট একটি ছ'মাসের বকরীর বাচ্চা আছে, যেটি মাংসের দুটি বকরীর চাইতেও ভাল, আমি কি সেটি কুরবানী করব?

আনাস (রাঃ) বলেন, পরে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে অনুমতি দিলেন। আমার জানা নাই, এ অনুমতি এ ব্যক্তি ছাড়া অন্য কারো জন্যে ছিল কি না। আনাস (রাঃ) আরো বলেন, (খুতবার পর) রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দু'টি দুম্বার দিকে এগিয়ে গেলেন এবং সে দু'টি যবেহ করলেন। আর লোকজন বকরী পালের প্রতি এগিয়ে গেল এবং সেগুলো বন্টন করল এবং অন্য বর্ণনায় ভাগ ভাগ (যবেহ) করলো।



English

Anas (b. Malik) reported Allah's Messenger (ﷺ) having said on the day of Nahr (Sacrifice):

He who slaughtered (the animal as a sacrifice) before the ('Id) prayer. should repeat it (i. e. offer another animal). Thereupon a person stood up and said: Messenger of Allah, that is the day when meat is much desired, and he also made a mention of the need of his neighbour, and perhaps Allah's Messenger (**) attested it. He (the person who had sacrificed the animal before the 'Id prayer) said: I have a goat of less than one year of age with me and I like it more than two fleshy goats; should I offer it as a sacrifice? He permitted him to do so. He (the narrator) said: I do not know whether this permission was granted to anyone else besides him or not. Allah's Messenger (**) then turned towards two rams. and he slaughtered them, and the people' came to the goats and got them distributed amongst themselves (for offering them as sacrifice).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন